সংবাদ

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা ছাড়া কোন দেশ বা জাতির উন্নয়ন সম্ভব নয়

—— স্বাস্থ্যমন্ত্রী

জেলা বার্তা পরিবেশক, সিরাজগঞ্জ

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোন দেশ বা জাতির উন্নয়ন সম্ভব নয়। তাই আমাদের সরকার ছাত্রছাত্রীদের মাঝে বিনামূল্যে বই বিতরণসহ শিক্ষাক্ষেত্রে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছেন। বিএনপির মানুষ পুড়িয়ে হত্যার রাজনীতির কঠোর সমালোচনা করে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, ১৪ দলের মুখপাত্র ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, জ্বালাও পোড়াও করা রাজনৈতিক দলের সঙ্গে জনগণ থাকতে পারে না। এ দেশের মানুষ উন্নয়ন, শান্তি ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সঙ্গে আছে। শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ অন্ধকার থেকে আলোর পথ পেয়েছে। তিনি এও বলেছেন, দেশের উন্নয়নের ধারায় গ্রাম ও শহরের মধ্যে তেমন কোন পার্থক্য নেই। দারিদ্র্য বিমোচনে বিশ্ব ব্যাংকও এখন প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করছে। স্বাস্থ্যমন্ত্রী নাসিম শনিবার বিকেলে কাজীপুর সরকারি মনসুর আলী কলেজের উর্ধমুখী সম্প্রসারিত বিজ্ঞান ভবনের উদ্বোধন শেষে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। প্রফেসার গোলাম রুমির সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, শহীদ এম মনছুর আলী মেডিকেল কলেজের প্ররিচালনা পর্ষদের চেয়ারম্যান লায়লা আরজুমান্দ বানু বিথী, উপজেলা নির্বাহী কর্মকর্তা শফিকুল ইসলাম উপজেলা আওয়ামী লীগের সভাপতি শওকত হোসেন, সাধারণ সম্পাদক খলিলুর রহমান সিরাজী, উপাধক্ষ্য রেজাউল করিম, কাজিপুর ইউপি চেয়ারম্যান আতিকুর রহমান ও ছাত্রলীগের মামুন পারভেজ প্রমুখ।

শিক্ষা প্রকৌশল অধিদফতর এক কোটি পাঁচ লাখ টাকা ব্যয়ে এই ভবন নির্মাণ করেছে।

এর আগে তিনি কাজীপুর উপজেলা অডিটোরিয়ামে খরিপ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক ৩হাজার ৩শত চাষিদের মাঝে বিনা মূল্যে সার বীজ ও নদী ভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে নগদ অর্থ বিতরণ করেন। এছাড়াও বিকেলে স্বাস্থ্যমন্ত্রী পরে শিমলা, বাহুকা ও মেঘাই এলাকায় নদী তীর সংরক্ষণ কাজের অগ্রগতি ও মেঘাই পর্যটন কেন্দ্র স্থাপনের স্থানও পরিদর্শন করেন। এ সময় পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলী সৈয়দ হাসান ইমাম, সিভিল সার্জন ডা. শেখ মঞ্জুর রহমান, স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের নির্বাহী প্রকৌশলী মনিরুজ্জামান মিয়াসহ কাজীপুর উপজেলা আওয়ামী লীগের নেতারা উপস্থিত ছিলেন।